

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ২৪টি প্রতিষ্ঠানকে ৩.২৯ লক্ষ টাকা জরিমানা

৬ জুন ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৬ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর ও গাজীপুরে আজ বাজার তদারকি করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আবদুল্লাহ আল মাসুমের নেতৃত্বে ঢাকা মহানগরীর লালবাগ ও কামরাঞ্জিরচর এলাকায় ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয় ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে সুইটহার্ট চাইনিজ রেস্টুরেন্টকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা এবং অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে মোহাম্মদ আলী ফুড প্রডাক্টস ও মেসার্স হাবিবা ফুড প্রডাক্টসকে যথাক্রমে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ও ৬০,০০০/- (ষাট হাজার) টাকাসহ মোট ১,২৫,০০০/- (এক লক্ষ পচিশ হাজার) জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক শাহনাজ সুলতানার নেতৃত্বে ঢাকা মহানগরীর চকবাজার এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে আমানিয়া বেকারী এন্ড সুইটসকে ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা এবং অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে বোম্বে সুইটস এন্ড চানাচুর ও মধুবনকে যথাক্রমে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ও ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ৮০,০০০/- (আশি হাজার) জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তারের নেতৃত্বে ঢাকা মহানগরীর রামপুরা ও শাহজাহানপুর এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে সততা বেকারী এন্ড সুইটসকে ৩,০০০/- (তিন হাজার) টাকা এবং পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে ৭টি প্রতিষ্ঠানকে ১২,০০০/- (বার হাজার) টাকাসহ মোট ১৫,০০০/- (পনের হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মাসুম আরেফিনের নেতৃত্বে ঢাকা মহানগরীর বাড্ডা এলাকায় বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপির অপরাধে আল্লার দান বয়লারকে ২,০০০/- (দুই হাজার) টাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে মেসার্স মা জেনারেল স্টোর, মেসার্স ভাই ভাই জেনারেল স্টোরকে ২,০০০/- (দুই হাজার) টাকা করে ৪,০০০/- (চার হাজার) টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে শারমিন ব্রেড এন্ড বেকারীকে ৬০,০০০/- (ষাট হাজার) টাকাসহ মোট ৬৬,০০০/- (ছয়টি হাজার) জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়াও ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনী কর্তৃক জাতীয় ভোক্তা অভিযোগ কেন্দ্রে প্রাপ্ত অভিযোগ শুনানীর মাধ্যমে প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে স্বপ্নকে ৪,০০০/- (চার হাজার) টাকা ও ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে শর্মা হাউসকে ২,০০০/- (দুই হাজার) টাকাসহ মোট ৬,০০০/- (ছয় হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা তাৎক্ষণিকভাবে প্রদান করা হয়।

গাজীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক রোজিনা সুলতানার নেতৃত্বে গাজীপুর সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৩৭,০০০/- (সাতত্রিশ হাজার) টাকা পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা এবং অবহেলা ইত্যাদি দ্বারা সেবাগ্রহীতার অর্থ, স্বাস্থ্যহানী ইত্যাদি ঘটানোর অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ৬টি বাজার তদারকিতে ২৪টি প্রতিষ্ঠানকে মোট ৩,২৯,০০০/- (তিন লক্ষ উনত্রিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং আদায়কৃত জরিমানার টাকা হতে ২ জন অভিযোগকারীকে মং ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা ও সিটি কর্পোরেশনের প্রতিনিধি এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিডি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা মহানগর ও গাজীপুর।
- ৭। পুলিশ সুপার, ঢাকা মহানগর ও গাজীপুর।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।